# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৪) তারিখঃ ২৫ নভেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ বিভিন্ন বিভাগ/দপ্তরে নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | দপ্তর/বিভাগ | সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১ | সহকারী অধ্যাপক | পরিসংখ্যান বিভাগ | ০১ | ৩৫৫০০-৬৭০১০/=(গ্রেড-০৬) |
| ২ | প্রভাষক | পরিসংখ্যান বিভাগ | ০১ | ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯) |
| ৩ | প্রভাষক | রসায়ন বিভাগ (অজৈব) | ০১ | ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯) |
| ৪ | প্রভাষক | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০২ | ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯) |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর | ০১ | ৯৩০০-২২৪৯০/=(গ্রেড-১৬) |
| ৬ | গার্ড | রেজিস্ট্রার দপ্তর | ০১ | ৮২৫০-২০০১০/=(গ্রেড-২০) |

আবেদনের শেষ তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২৫

**আবেদনের প্রক্রিয়া**

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে : (ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) উক্ত ১-৪ নং পদের জন্য ৬০০/= (ছয়শত) টাকা, ৫নং পদের জন্য ২০০/=(দুইশত) টাকা এবং ৬নং পদের জন্য ১০০/= (একশত) টাকার নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র। শিক্ষক পদের জন্য (জ) প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকাশনার কপি (ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট) (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)।

**যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:**

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। আবেদন সাবমিট করার পর আর কোন ডকুমেন্ট অনলাইনে/অফলাইনে/সরাসরি গ্রহণযোগ্য নয়।

২৫.১১.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

২৫/১১/২৫

CamScanner

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## প্রভাষক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা:

(ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। তবে ২০০১ থেকে ২০০৪ পর্যন্ত অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ ও ২০০৪ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) গ্রহণযোগ্য হবে।

(খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য। তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। প্রকৌশল বিভাগ সমূহের ক্ষেত্রে মাস্টার্স ডিগ্রিধারী যোগ্য প্রার্থী না পাওয়া গেলে ৪ বছর মেয়াদি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে।

(গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী* থাকতে হবে।

(ঘ) উচ্চতর ডিগ্রি (এম এস, এমফিল, পিএইচডি) থাকলে ফলাফলের যে কোন একটি শর্ত শিথিলযোগ্য ।

***চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা**

* বিভাগ/শ্রেণী বলতে বোঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে প্রচলিত ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী।

২০.১১.২৫

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার